# যোগ্যতা ও অভিজ্ঞতা

| ক্রমিক | পদের নাম, গ্রেড ও বেতনস্কেল | যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|
| ০১। | কেয়ারটেকার<br>গ্রেড-১১ (১২৫০০-৩০২৩০) | ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক ডিগ্রী থাকতে হবে।<br>খ) সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে।<br>গ) শিক্ষা জীবনের সকল পর্যায়ে ন্যূনতম দ্বিতীয় বিভাগ/শ্রেণী/ সমতুল্য গ্রেড থাকতে হবে।<br>ঘ) বয়সঃ অনুর্ধ ৩০ বছর। |
| ০২। | অটোমেকানিক (ইঞ্জিন)<br>গ্রেড-১৩ (১১০০০-২৬৫৯০) | ক) এইচ.এস.সি (বিজ্ঞান)/সমমান (বিজ্ঞান) পাশসহ ২ বছর মেয়াদী ট্রেড কোর্স পাশ হতে হবে। অথবা সংশ্লিষ্ট বিষয়ে ডিপ্লোমা ডিগ্রী থাকতে হবে।<br>খ) সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞ প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে।<br>গ) শিক্ষা জীবনের সকল পর্যায়ে ন্যূনতম দ্বিতীয় বিভাগ/শ্রেণী/ সমতুল্য গ্রেড থাকতে হবে।<br>ঘ) বয়সঃ অনুর্ধ ৩০ বছর। তবে সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞ প্রার্থীদের ক্ষেত্রে বয়স শিথিলযোগ্য। |
| ০৩। | অফিস সহকারি কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক<br>গ্রেড-১৬ (৯৩০০-২২৪৯০) | ক) প্রার্থীকে এইচ.এস.সি./সমমান পাশ হতে হবে।<br>খ) অনুমোদিত প্রতিষ্ঠান হতে কম্পিউটার প্রশিক্ষণসহ (Microsoft Office XP- MS Word, MS Excel, MS Power Point) বিজয় বাংলা Software সমূহ ব্যবহারের উপর বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে।<br>গ) প্রার্থীকে এপ্টিচুট পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।<br>ঘ) শিক্ষা জীবনের সকল পর্যায়ে ন্যূনতম দ্বিতীয় বিভাগ/শ্রেণী/ সমতুল্য গ্রেড থাকতে হবে।<br>ঙ) বয়সঃ অনুর্ধ ৩০ বছর। |
| ০৪। | ডাটা এন্ট্রি অপারেটর<br>গ্রেড-১৬ (৯৩০০-২২৪৯০) | ক) এইচ.এস.সি/সমমান পাশ হতে হবে এবং অনুমোদিত প্রতিষ্ঠান হতে কম্পিউটার প্রশিক্ষণসহ (Microsoft Office XP- MS Word, MS Excel, MS Power Point) বিজয় বাংলা Software সমূহ ব্যবহারের উপর বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে।<br>খ) প্রার্থীকে এপ্টিচুট পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।<br>গ) শিক্ষা জীবনের সকল পর্যায়ে ন্যূনতম দ্বিতীয় বিভাগ/শ্রেণী/ সমতুল্য গ্রেড থাকতে হবে।<br>ঘ) বয়সঃ অনুর্ধ ৩০ বছর। |
| ০৫। | হিসাবরক্ষক<br>গ্রেড-১৬ (৯৩০০-২২৪৯০) | ক) প্রার্থীকে এইচ.এস.সি (বাণিজ্য)/সমমান (বাণিজ্য) পাশ হতে হবে।<br>খ) শিক্ষা জীবনের সকল পর্যায়ে ন্যূনতম দ্বিতীয় বিভাগ/শ্রেণী/ সমতুল্য গ্রেড থাকতে হবে।<br>গ) বয়সঃ অনুর্ধ ৩০ বছর। |
| ০৬। | ইস্যু কাম ডেসপাস সহকারি<br>গ্রেড-১৬ (৯৩০০-২২৪৯০) | ক) প্রার্থীকে এইচ.এস.সি./সমমান পাশ হতে হবে।<br>খ) শিক্ষা জীবনের সকল পর্যায়ে ন্যূনতম দ্বিতীয় বিভাগ/শ্রেণী/ সমতুল্য গ্রেড থাকতে হবে।<br>গ) বয়সঃ অনুর্ধ ৩০ বছর। |
| ০৭। | ইলেকট্রিশিয়ান<br>গ্রেড-১৬ (৯৩০০-২২৪৯০) | ক) প্রার্থীকে বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের লাইসেন্সপ্রাপ্ত এস.এস.সি./সমমান পাশসহ সংশ্লিষ্ট বিষয়ে ২ বছর মেয়াদী ট্রেড কোর্স পাশ হতে হবে। অথবা সংশ্লিষ্ট বিষয়ে ডিপ্লোমা ডিগ্রী থাকতে হবে।<br>খ) শিক্ষা জীবনের সকল পর্যায়ে ন্যূনতম দ্বিতীয় বিভাগ/শ্রেণী/ সমতুল্য গ্রেড থাকতে হবে।<br>গ) বয়সঃ অনুর্ধ ৩০ বছর।<br>তবে সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞ প্রার্থীদের ক্ষেত্রে বয়স ও যোগ্যতা আংশিক শিথিল করা যেতে পারে। |
| ০৮। | প্লাম্বার<br>গ্রেড-১৬ (৯৩০০-২২৪৯০) | ক) প্রার্থীকে এস.এস.সি./সমমান পাসসহ সংশ্লিষ্ট বিষয়ে ২(দুই) বৎসর মেয়াদি ট্রেড কোর্স পাশ হতে হবে।<br>খ) সংশ্লিষ্ট কাজে বাস্তব অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে।<br>গ) শিক্ষা জীবনের সকল পর্যায়ে ন্যূনতম দ্বিতীয় বিভাগ/শ্রেণী/ সমতুল্য গ্রেড থাকতে হবে।<br>ঘ) বয়সঃ অনুর্ধ ৩০ বছর।<br>তবে সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞ প্রার্থীদের ক্ষেত্রে বয়স ও যোগ্যতা আংশিক শিথিল করা যেতে পারে। |
| ০৯। | বাবুর্চি<br>গ্রেড-১৮ (৮৮০০-২১৩১০) | ক) দেশী ও বিদেশী রান্নাবান্নার কাজে অভিজ্ঞতাসহ এস.এস.সি/সমমান পাশ হতে হবে।<br>খ) বয়সঃ অনুর্ধ ৩০ বছর। |
| ১০। | বুক সর্টার<br>গ্রেড-১৯ (৮৫০০-২০৫৭০) | ক) প্রার্থীকে ন্যূনতম ২য় বিভাগ/সমমানের গ্রেডসহ এস.এস.সি পাশ হতে হবে।<br>খ) সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে।<br>গ) বয়সঃ অনুর্ধ ৩০ বছর। |
| ১১। | লাইব্রেরি এটেনডেন্ট<br>গ্রেড-১৯ (৮৫০০-২০৫৭০) | ক) প্রার্থীকে ন্যূনতম ২য় বিভাগ/সমমানের গ্রেডসহ এস.এস.সি পাশ হতে হবে।<br>খ) সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে।<br>গ) বয়সঃ অনুর্ধ ৩০ বছর। |
| ১২। | সহকারি ইলেকট্রিশিয়ান<br>গ্রেড-১৯ (৮৫০০-২০৫৭০) | ক) প্রার্থীকে বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের লাইসেন্সপ্রাপ্ত সংশ্লিষ্ট বিষয়ে ট্রেড কোর্স (এসএসসি/সমমান) পাশ হতে হবে। অথবা, এসএসসি/সমমান পাশ এবং বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের লাইসেন্সসহ সরকার নির্ধারিত প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট কাজে ১(এক) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে।<br>খ) বয়সঃ অনুর্ধ ৩০ বছর। |
| ১৩। | সহকারি বাবুর্চি<br>গ্রেড-২০ (৮২৫০-২০০১০) | ক) সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতাসহ ন্যূনতম ৮ম শ্রেণী পাশ হতে হবে।<br>খ) বয়সঃ অনুর্ধ ৩০ বছর। |
| ১৪। | অফিস সহায়ক<br>গ্রেড-২০ (৮২৫০-২০০১০) | ক) প্রার্থীকে সংশ্লিষ্ট কাজের অভিজ্ঞতাসম্পন্ন ন্যূনতম ২য় বিভাগ/সমমানের গ্রেডসহ এস.এস.সি. পাশ হতে হবে।<br>খ) বয়স ঃ অনুর্ধ ৩০ বছর। |
| ১৫। | ফিল্ড এটেনডেন্ট<br>গ্রেড-২০ (৮২৫০-২০০১০) | ক) প্রার্থীকে ন্যূনতম ২য় বিভাগ/সমমানের গ্রেডসহ এস.এস.সি পাশ হতে হবে।<br>খ) সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে।<br>গ) বয়সঃ অনুর্ধ ৩০ বছর। |
| ১৬। | ল্যাবরেটরি সহকারি<br>গ্রেড-২০ (৮২৫০-২০০১০) | ক) প্রার্থীকে ন্যূনতম ২য় বিভাগ/সমমানের গ্রেডসহ এস.এস.সি (বিজ্ঞান) পাশ হতে হবে।<br>খ) সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে।<br>গ) বয়সঃ অনুর্ধ ৩০ বছর। |
| ১৭। | পরিচ্ছন্নতা কর্মী<br>গ্রেড-২০ (৮২৫০-২০০১০) | ক) প্রার্থীকে ৮ম শ্রেণী পাশ। জাত সুইপারের ক্ষেত্রে অগ্রাধিকার দেয়া যেতে পারে।<br>খ) বয়স ঃ অনুর্ধ ৩০ বছর। |
| ১৮। | নিরাপত্তা প্রহরী<br>গ্রেড-২০ (৮২৫০-২০০১০) | ক) প্রার্থীকে ৮ম শ্রেণী পাশসহ সুস্বাস্থ্যের অধিকারী হতে হবে।<br>খ) বয়স ঃ অনুর্ধ ৩০ বছর। |

## প্রার্থীদের জন্য শর্তাবলী ও জ্ঞাতব্য বিষয়সমূহ

১. আগ্রহী প্রার্থীদের আগামী ১৬ এপ্রিল ২০২৩ হতে ০২ মে ২০২৩ তারিখ রাত ১২.০০ ঘটিকার মধ্যে সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট: www.sau.ac.bd অথবা career.sau.ac.bd এই লিংকে আবেদনপত্র পূরণ করে ডাউনলোড করতে হবে।
২. প্রার্থীকে নাম ও মোবাইল নাম্বার ব্যবহার করে career.sau.ac.bd পোর্টাল এ রেজিস্ট্রেশন সাপেক্ষে একটি User Id ও Password তৈরি হবে যা আবেদনকারীর প্রদত্ত মোবাইল ফোন নাম্বারে SMS এর মাধ্যমে জানিয়ে দেয়া হবে। উক্ত User Id এবং Password ব্যবহার করে প্রার্থীকে প্রোফাইল তৈরি করতে হবে। প্রোফাইল তৈরির পর প্রতিটি পদের জন্য আলাদাভাবে আবেদন করা যাবে। আবেদনকৃত প্রতিটি পদের জন্য পৃথক Application ID তৈরি হবে। উক্ত Application ID-টি আবেদন ফি জমা প্রদানের সময় ব্যবহার করতে হবে এবং User Id ও Password ব্যবহার করে বিশ্ববিদ্যালয়ের নিয়োগ ওয়েবসাইটে Login করে প্রার্থীর নিজস্ব Dashboard এ পরীক্ষার প্রবেশপত্রসহ পরীক্ষার সংক্রান্ত যাবতীয় তথ্যাবলী পাওয়া যাবে।
৩. প্রার্থীদেরকে ০৩ (তিন) সেট দরখাস্ত রেজিস্ট্রার, সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়, সিলেট এর অনুকূলে প্রেরণ/দাখিল করতে হবে। চাহিত আবেদন সেটের মধ্যে একটি সেট সত্যায়িত হতে হবে এবং অন্যদুটি সত্যায়িতের অনুরূপ ফটোকপি দিতে হবে।
৪. প্রার্থীকে আবেদনপত্রের সাথে ক) প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা/বিশ্ববিদ্যালয়ের শিক্ষক/১ম শ্রেণীর কর্মকর্তা কর্তৃক সত্যায়িত শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সকল সনদপত্র, খ) ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা/বিশ্ববিদ্যালয়ের শিক্ষক/১ম শ্রেণির কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র, গ) ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/সিটি কর্পোরেশন বা পৌরসভা মেয়র/ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র, ঘ) ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত জাতীয় পরিচয় পত্র এবং সদ্যতোলা পাসপোর্ট সাইজের ছবি ও পেমেন্ট স্লিপ প্রতি সেটের সাথে সংযুক্ত করতে হবে।
৫. প্রার্থীর বয়সসীমা ১৮-৩০ বছরের মধ্যে হতে হবে। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের জনপ্রশাসন মন্ত্রণালয়ের বিগত ২২ সেপ্টেম্বর ২০২২ তারিখে প্রকাশিত বিজ্ঞপ্তি নং-০৫.০০.০০০০.১৭০.১১.০১৭.২০.১৪৯; অনুযায়ী ২৫.০৩.২০২০ তারিখে সর্বোচ্চ বয়সসীমা ৩০ বছর নির্ধারণ করা হবে। বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য নয়।
৬. মুক্তিযোদ্ধা ও অন্যান্য কোটায় আবেদনকৃত প্রার্থীদের ক্ষেত্রে বয়স ও অন্যান্য বিষয়ে সরকারি নীতিমালা অনুসরণ করা হবে।
৭. চাকরিতে নিয়োজিত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।
৮. অভিজ্ঞতা বলতে সরকারি/আধা-সরকারী/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট কাজের অভিজ্ঞতাকে বুঝাবে।
৯. প্রার্থীত পদ ও এপ্লিকেশন নাম্বার খামের উপর উল্লেখ করতে হবে।
১০. অভ্যন্তরীণ প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা ও শিক্ষাগত যোগ্যতা শিথিলযোগ্য।
১১. প্রতিটি পদের জন্য আলাদাভাবে প্রার্থীকে নগদ মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে আবেদন ফি ৬০০/- (টাকা ছয়শত মাত্র) আগামী ০২.০৫.২০২৩ তারিখ রাত ১২:০০ ঘটিকার মধ্যে পরিশোধ করতে হবে (অফেরতযোগ্য)। প্রার্থীকে SMS এর মাধ্যমে প্রদানকৃত User Id এবং Password ব্যবহার করে Dashboard থেকে আবেদনকৃত প্রতিটি পদের জন্য Online এ আবেদন ফি প্রদান করতে পারবে।
১২. আবেদনপত্র আগামী ০৪.০৫.২০২৩ তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে সরাসরি/ডাক যোগে/কুরিয়ার সার্ভিস এর মাধ্যমে অবশ্যই নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে পৌছাতে হবে।
১৩. মুক্তিযোদ্ধার সন্তানদের ক্ষেত্রে পিতা-মাতা/দাদা-দাদী/নানা-নানীর অনুকূলে সরকার কর্তৃক স্বীকৃত মুক্তিযোদ্ধার সনদপত্র এবং সংশ্লিষ্ট প্রার্থীর পিতা-মাতার জাতীয় পরিচয়পত্রের কপি উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক সত্যায়নপূর্বক আবেদনের সাথে দাখিল করতে হবে।
১৪. ভূয়া তথ্য সম্বলিত/তথ্য গোপন/ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ এবং বিলম্বে প্রাপ্ত দরখাস্ত সরাসরি বাতিল বলে গণ্য হবে।
১৫. কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরখাস্ত গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করে এবং নিয়োগ বিজ্ঞপ্তি প্রচারের কারণে কর্তৃপক্ষ নিয়োগ প্রদান করতে কিংবা ইন্টারভিউ কার্ড ইস্যু করতে বাধ্য থাকবে না। দরখাস্তের সাথে দাখিলকৃত কোন কাগজপত্র ফেরত প্রদান করা হবে না।
১৬. নিয়োগের ক্ষেত্রে অভ্যন্তরীণ প্রার্থীগণ অগ্রাধিকার পাবেন।
১৭. দরখাস্ত দাখিলের বিষয়ে বিজ্ঞপ্তিতে নির্ধারিত সময়ের পর পেশকৃত আবেদনের সাথে আর কোন ডকুমেন্টস/তথ্যাদি সংযোজন করা যাবে না। ইতিপূর্বে স্মারক নং: রেজিঃ/সংস্থাপন-২/নিয়োগ-১১৫(২)/১২৫/১৯/১৬৬২; তারিখ: ১৮ জুন ২০১৯ এবং স্মারক নং: রেজিঃ/সংস্থাপন-২/নিয়োগ-১১৫(৩)/১৫৫/২১/১৫৭০; তারিখ: ২১ সেপ্টেম্বর ২০২১ মূলে পত্রিকায় প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তির আলোকে যে সকল প্রার্থী আবেদন করেছিলেন তাদের একই পদে পুনরায় আবেদন করার প্রয়োজন নেই, পূর্বের আবেদনই বহাল থাকবে। তবে, কেউ যদি তার বসয়সীমার মধ্যে নতুন কোন যোগ্যতা অর্জন করে থাকেন, ব্যক্তিগত আবেদনের মাধ্যমে তা পূর্বের আবেদনের সাথে যুক্ত করতে পারবেন।
১৮. প্রযোজ্য ক্ষেত্রে লিখিত, মৌখিক ও ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীকে কোন টিএ/ডিএ প্রদান করা হবে না।
১৯. অধিকতর যোগ্য প্রার্থীর ক্ষেত্রে কর্তৃপক্ষ শর্ত/বয়সসীমা শিথিল করার ক্ষমতা সংরক্ষণ করে।
২০. শিক্ষাক্ষেত্রের কোন স্তরে ৩য় বিভাগ/শ্রেণি গ্রহণযোগ্য নয়।
২১. নিয়োগ সংক্রান্ত কোন তদবির প্রার্থীর অযোগ্যতা হিসেবে গণ্য হবে।

**(মো. বদরুল ইসলাম)**
রেজিস্ট্রার
সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়, সিলেট।